

বাংলাদেশ



গেজেট

স্মারিত নংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড
(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই ফাল্গুন, ১৩৯৮/২৬শে ফেব্রুয়ারী, ১৯৯২

এস, আর, ও, নং ৪৫-আইন/৯১/৪৮-মুসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সালের ২২নং আইন), এর ধারা ৭২ (ধারা ৫(৪) এর সহিত পঠিতব্য) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর বর্ধিকরণ (বিশেষ) বিধিমালা ১৯৯১ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমানার বিধি ২ তে বর্ণিত টেবিলের—

(ক) কলাম (১) এর শিরনামা সংখ্যা “Soo৩” এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এর এন্ট্রিসমূহের পরিবর্তে উক্ত কলামসমূহে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“Soo৩	Soo৩' ১০	মোটর গাড়ীর গ্যারেজ ও গুদাম	যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন মেরামত বা গার্ভিসিং এর ক্ষেত্রে, সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্য ব্যতীত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থ।
	Soo৩' ২০	ডাকঘর	যে কোন প্রকার যান্ত্রিক মৌযান নির্মাণ, মেরামত বা গার্ভিসিং এর ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক উক্ত মৌযান নির্মাণে ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণের মূল্য ব্যতীত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থ।”

(৩৩০১)

মূল্য : টাকা ১.০০

- (খ) কলাম (১) এর শিরনামা সংখ্যা "SO০৪" এবং উহার বিপরীতে কলাম (২),
(৩) ও (৪) এর এন্ট্রিসমূহের পর উক্ত কলামসমূহে যথাক্রমে নিম্নরূপ শিরনামা
সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

"SO০৮ SO০৮.১০ ছাপাখানা যে কোন প্রকার ছাপাখানার ক্ষেত্রে সংশ্লিষ্ট
সেবা প্রদানকারী কর্তৃক সেবা প্রদানে ব্যব-
হৃত উপকরণের মূল্য ব্যতীত সেবার বিনিময়ে
প্রাপ্ত সমুদয় অর্থা।"

- (গ) কলাম (১) এর শিরনামা সংখ্যা "SO১৬" এবং উহার বিপরীতে কলাম (২),
(৩) ও (৪) এর এন্ট্রিসমূহের পর উক্ত কলামসমূহে যথাক্রমে নিম্নরূপ শিরনামা
সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

"SO১৮ SO১৮.১০ চলচিত্র ট্রুডিও চলচিত্র নির্মাণের জন্য শুধুমাত্র চলচিত্র
মুদ্রণ, পবিকুটন, শব্দগ্রহণ, সংযোজন ও
শব্দমুদ্রণ এর জন্য প্রাপ্ত সমুদয় চার্জ
বা ফি।"

২। এই প্রজ্ঞাপন ১৬ই আঘাট, ১৩৯৮ মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ তারিখে
কার্যকরী হইয়াছে বলিয়া গণ্য হইবে।

বোর্ডের আদেশক্রমে

মো: জহুরুল হক
প্রথম সচিব।